

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ সুন্নাহতে প্রার্থনামূলক দুআ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

গোনাহ থেকে ক্ষমা চাইতে

🕽 । সাইয়্যিদুল ইস্তিগফার।

२ ।

أَسْتَغْفِرُ اللهَ العَظِيمَ الَّذِي لاَ إِلَهَ إِلاَّ هُوَ، الحَىُّ القَيُّومُ، وَأَتُوبُ إِلَيهِ

উচ্চারণঃ আস্তাগফিরুল্লা-হাল্লাযী লা ইলা-হা ইল্লা হুয়াল হাইয়াল কাইয়ুমু অ আতুবু ইলাইহ।

অর্থঃ আমি সেই আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করছি যিনি ছাড়া কোন সত্য উপাস্য নেই। যিনি চিরঞ্জীব, অবিনশ্বর। এবং আমি তার কাছে তওবা করছি। এই দুআ ৩ বার পড়লে যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন করার মত পাপ হলেও মাফ হয়ে যাবে। (সঃতিঃ ১৮২, আঃদাঃ ২/৮৫)

91

اللَّهُمَّ إِنَّكَ عُفُقٌ كَرِيمٌ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّي

উচ্চারণঃ-আল্লা-হুম্মা ইন্নাকা আফুউবুন কারীমুন তুহিব্বুল আফওয়া, ফা'ফু আন্নী।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় তুমি ক্ষমাশীল মহানুভব, ক্ষমাকে পছন্দ কর। অতএব তুমি আমাকে ক্ষমা করে দাও। এটি শবেকদরে পঠনীয়। (সঃ তিঃ ৩/১৭০)

8١

اللَّهُمَّ اغْفِرْ لِي خَطِيتَتِي، وَجَهْلِي، وَإِسْرَافِي فِي أَمْرِي، وَمَا أَنْتَ أَعْلَمُ بِهِ مِنِّي، اللَّهُمَّ اغْفِرْ لِي هَزْلِي وَجِدِّي، وَخَطَئي، وَعَمْدِي، وَكُلُّ ذَلِكَ عِنْدِي

উচ্চারণঃ আল্লা-হ্মাণফিরলী খাত্বীআতী অজাহলী অইসরা-ফী ফী আমরী, অমা আন্তা আ'লামু বিহী মিন্নী। আল্লা-হ্মাণফিরলী হাযলী অজিদ্দী অখাত্বাঈ অআমদী, অকুল্লু যা-লিকা ইন্দী।

অর্থঃ হে আল্লাহ! তুমি আমার পাপ, মুর্খামী, কর্মে সীমালংঘনকে এবং যা তুমি আমার চেয়ে অধিক জান, তা আমার জন্য ক্ষমা করে দাও। আল্লাহ গো! তুমি আমার অযথার্থ ও যথার্থ, অনিচ্ছাকৃত ও ইচ্ছাকৃতভাবে করা পাপসমূহকে মার্জনা করে দাও। আর এই প্রত্যেকটি পাপ আমার আছে। (বুখারী ১১/১৯৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11845

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন